

# বরিশাল বিশ্ববিদ্যালয়

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারকনং-বিইউ/রেজি/জনবল/শিক্ষক/নিয়োগ (বিজ্ঞপ্তি))/৪২৭/২০২৫/ভলি-০৪/১৭৪১৩

তারিখ : ০৫ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ / ২০ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে নিম্নবর্ণিত শূণ্য পদসমূহ পূরণের নিমিত্ত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফর্মে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্র.নং | পদের নাম, পদসংখ্যা ও বেতন স্কেল গ্রেড | বিভাগ |
|---|---|---|
| ১. | সহযোগী অধ্যাপক-০৫টি স্থায়ী পদ<br>১০০০০০-১৪২৪০০/- (গ্রেড-৪, জাতীয় বেতন স্কেল-২০২৬) | সিএসই-১টি, ভূতত্ত্ব ও খনিবিদ্যা-১টি, উদ্ভিদবিজ্ঞান-১টি কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট-১টি, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস-১টি |
| ২. | সহকারী অধ্যাপক- ০২টি স্থায়ী পদ<br>৭১০০০-১৩৪০০০/- (গ্রেড-৬, জাতীয় বেতন স্কেল-২০২৬) | রসায়ন-১টি, ইতিহাস-১টি |
| ৩. | প্রভাষক- ০৭টি স্থায়ী পদ<br>৪৪০০০-১০৫৯০০/- (গ্রেড-৯, জাতীয় বেতন স্কেল-২০২৬) | মৃত্তিকা, পানি ও পরিবেশ-১টি, মার্কেটিং-১টি, ম্যানেজমেন্ট স্টাডিজ-১টি, গণিত-১টি,লোকপ্রশাসন-১টি,রাষ্ট্রবিজ্ঞান-১টি,সমাজবিজ্ঞান-১টি |

উপরোক্ত পদসমূহে আবেদন করার জন্য প্রয়োজনীয় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা , অভিজ্ঞতা ,শর্তাবলী ও যাবতীয় তথ্যাদি বরিশাল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (https://bu.ac.bd/career) থেকে সংগ্রহ করতে হবে।

**আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ১২/১০/২০২৬**

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
বরিশাল বিশ্ববিদ্যালয়



# বরিশাল বিশ্ববিদ্যালয়
## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারকনং-বিইউ/রেজি/জনবল/শিক্ষক/নিয়োগ (বিজ্ঞপ্তি))/৪২৭/২০২৫/ভলি-০৪/১৭৪১৩

তারিখ : ০৫ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২০ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে নিম্নবর্ণিত শূণ্য পদসমূহ পূরণের নিমিত্ত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফর্মে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্র.নং | পদের নাম, পদসংখ্যা ও বেতন স্কেল গ্রেড | বিভাগ |
|---|---|---|
| ১. | সহযোগী অধ্যাপক-০৫টি স্থায়ী পদ<br>১০০০০০-১৪২৪০০/- (গ্রেড-৪, জাতীয় বেতন স্কেল-২০২৬) | সিএসই-১টি, ভূতত্ত্ব ও খনিবিদ্যা-১টি, উদ্ভিদবিজ্ঞান-১টি কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট-১টি, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস-১টি |
| ২. | সহকারী অধ্যাপক- ০২টি স্থায়ী পদ<br>৭১০০০-১৩৪০০০/- (গ্রেড-৬, জাতীয় বেতন স্কেল-২০২৬) | রসায়ন-১টি, ইতিহাস-১টি |
| ৩. | প্রভাষক- ০৭টি স্থায়ী পদ<br>৪৪০০০-১০৫৯০০/- (গ্রেড-৯, জাতীয় বেতন স্কেল-২০২৬) | মৃত্তিকা, পানি ও পরিবেশ-১টি, মার্কেটিং-১টি, ম্যানেজমেন্ট স্টাডিজ-১টি, গণিত-১টি,লোকপ্রশাসন-১টি,রাষ্ট্রবিজ্ঞান-১টি,সমাজবিজ্ঞান-১টি |

### শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

**সহযোগী অধ্যাপক:**

১. সংশ্লিষ্ট বিভাগে/বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।
২. সংশ্লিষ্ট অনুষদভুক্ত প্রার্থীদেরকে
ক) বিজ্ঞান/বিজনেস স্টাডিজ/ জীববিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।
খ) প্রকৌশল অনুষদভুক্ত সিএসই বিভাগের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে । স্নাতক পরীক্ষায় সিজিপিএ ৪.০০এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।
৩. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭(সাত) বৎসরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৪. এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) বৎসরসহ মোট ন্যূনতম ০৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার/গবেষণার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৬. প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে। তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা থাকিতে হইবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে।

**কৃষি সংশ্লিষ্ট বিভাগের/বিষয়ের ক্ষেত্রে-**

১. সংশ্লিষ্ট বিভাগে/বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।
২. সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।
৩. স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭(সাত) বৎসরসহ ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৪. MPhil ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) বৎসরসহ ৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৬. প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়)টি প্রকাশনা থাকিতে হইবে। সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে, যাহার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা থাকিতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে।

**সহকারী অধ্যাপক:**

১. সংশ্লিষ্ট বিভাগে/বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।
২.(ক) বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।
খ) কলা ও মানবিক অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে যে-কোনো একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে।
৩. স্নাতকোত্তর/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৪. এমফিল/সমমানের ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০২(দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৫. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার/গবেষণার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৬. স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে; যার মধ্যে First Author হিসাবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকিতে হইবে।

**কৃষি সংশ্লিষ্ট বিভাগের/বিষয়ের ক্ষেত্রে-**

১. সংশ্লিষ্ট বিভাগে/বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।
২. আবেদনকারী যদি মাস্টার্স/সমতুল্য ডিগ্রি অর্জন করেন তাহা হইলে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসাবে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৩. এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসাবে ন্যূনতম ০২ (দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৪. পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১(এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার/গবেষণার অভিজ্ঞতা থাকিতে হইবে।
৫. স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকিতে হইবে; যেগুলির মধ্যে First Author হিসাবে ন্যূনতম ০১(এক) টি প্রকাশনা থাকিতে হইবে।

**প্রভাষক:**

১. সংশ্লিষ্ট বিভাগে/বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।
২.ক) বিজ্ঞান/জীববিজ্ঞান/সামাজিক বিজ্ঞান/বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকিতে হইবে।
খ) কলা ও মানবিক অনুষদভুক্ত বিভাগসমূহের ক্ষেত্রে স্নাতক স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে যে-কোনো একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকিতে হইবে।

**কৃষি সংশ্লিষ্ট বিভাগের/বিষয়ের ক্ষেত্রে-**

৩(ক) সংশ্লিষ্ট বিভাগে/বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।
খ)সংশ্লিষ্ট অনুষদ/বিভাগের প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে
গ)সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) পরীক্ষায় মেধাভিত্তিক শীর্ষ ১০% ছাত্র/ছাত্রী প্রভাষক পদে আবেদন করিবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন।
৪. প্রভাষক পদে সকল বিভাগের/বিষয়ের ক্ষেত্রে এমফিল/সমমান বা পিএইচডি ডিগ্রি অতিরিক্ত যোগ্যতা বলিয়া বিবেচিত হইতে পারে। তবে এমফিল/সমমান বা পিএইচডি ডিগ্রির জন্য উল্লিখিত যোগ্যতার কোনো শর্ত কোনোভাবেই শিথিলযোগ্য হইবে না।

## শর্তাবলী

| | |
|---|---|
| (ক) | আবেদনকারীকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম ওয়েবসাইট থেকে ডাউনলোড করে অথবা বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল এর ডিসপ্যাচ শাখা থেকে ফরম প্রতি ৫০/-(পঞ্চাশ) টাকা দিয়ে ফরম সংগ্রহ ও পূরণপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ সহযোগী অধ্যাপক পদের জন্য ১১ (এগার) সেট এবং সহকারী অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদের জন্য ০৮ (আট) সেট আবেদনপত্র রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪ বরাবর দাখিল করতে হবে। আবেদনের শেষ তারিখঃ ১২/১০/২০২৬ খ্রিস্টাব্দ। |
| (খ) | প্রার্থীকে আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে-(১) শিক্ষাগত যোগ্যতার সনদ ও নম্বরপত্র ,প্রশিক্ষণ ও অভিজ্ঞতা (যদি থাকে) এবং অন্যান্য সংশ্লিষ্ট/সংযুক্ত সকল সনদের সত্যায়িত ছায়ালিপি (২) মূল আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি ও প্রতি সেটের সাথে ১ কপি রঙিন ছবি (৩) অনলাইনে সম্পন্নকৃত জন্ম নিবন্ধন সনদপত্র/ জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি। |
| (গ) | চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করতে হবে। |
| (ঘ) | লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ ও ডিএ প্রদান করা হবে না। |
| (ঙ) | ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ, ভুল তথ্য সংবলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। |
| (চ) | আবেদনকালে প্রার্থীর আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে তথ্য উল্লেখ করা হবে চাকুরিতে যোগদানের পর পূর্বে অর্জিত এর অতিরিক্ত কোন যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ গ্রহণ করা হবে না। |
| (ছ) | আবেদনপত্রের সাথে রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেডের যে কোনো শাখা থেকে ২০০/- টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য ) সংযুক্ত করতে হবে। |
| (জ) | প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম ও বিভাগ প্রেরিত আবেদনপত্রের খামের উপরে স্পষ্ট অক্ষরে লিখতে হবে। |
| (ঝ) | এই বিজ্ঞপ্তির নিয়োগ কার্যক্রমে সকল ধরনের কোটা সম্পর্কিত সরকারি নীতিমালা অনুসরণ করা হবে। |
| (ঞ) | আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালীন সময়ে আবেদন গ্রহণযোগ্য হবে না। |
| (ট) | সহযোগী অধ্যাপক ও সহকারী অধ্যাপক পদে যোগ্যতাসম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে প্রভাষক পদে নিয়োগ দেয়া হতে পারে। |
| (ঠ) | বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন। একই সাথে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। |

২০-০৯-২০২৬

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
বরিশাল বিশ্ববিদ্যালয়